

# স্কুলের ব্যবস্থায় মানিয়ে নেওয়ার তথ্যপত্রিকা

## বনিয়াদি স্তর

ছোট ছেলেমেয়েদের নিরাপদে, খুশী রাখা এবং  
শিক্ষায় মা বাবাদের সাহায্য



### দশটি সেরা পরামর্শ

1. ছোটদের জন্য প্রথমবার স্কুলে যাওয়া একটি বড় ঘটনা এবং তাদের পক্ষে এই পরিবর্তন কষ্টকর হতে পারে।
2. স্কুলে ও বাড়িতে এই সময় ছোটদের ব্যবহার শিশুসুলভ হয়ে যাওয়া খুব স্বাভাবিক। প্রায়ই মা বাবারা শিশুর মেজাজে বিপুল পরিবর্তন লক্ষ্য করেন : এক মুহূর্তে নির্ভরশীল, পরের মুহূর্তে স্বনির্ভর। কয়েকটা পরিবারে বাড়ির বিশেষ স্থানে, সহজে নাগাল পাওয়া যায় এরকম জায়গায় এক বাস্প প্লেডো, রং ও কাগজ, বিল্ডিং ব্লক ও প্রিয় খেলনা রেখে দেওয়া হয়, আবার কখনও কখনও দিনের শেষে হয়ত আপনার শিশু একটা ভিডিও, একটু আদর, ড্রিঙ্ক ও জলখাবার খেতে চাইবে - বাড়িতে ফিরে আরাম করতে চাইবে।
3. কোনো শিশু যদি উদ্বিগ্ন ও চিন্তিত হয় তাহলে সে স্কুলে শেখার নতুন অভিজ্ঞতা পাওয়ার জন্য প্রস্তুত অনুভব করবে না।
4. এই স্তরে কয়েকটা শিশু খেলাধুলার মাধ্যমে উদ্বেগ ও পরিস্থিতি সামলাতে শেখে। কয়েকজন শিশু তাদের অনুভূতি, ভাবনাচিন্তার ব্যাপারে কথা বলতে চায়।
5. অনেক শিশুর স্কুলের চাহিদার সঙ্গে মানিয়ে নিতে দেরী হয়। স্কুলের কাজে ছোট ছেলেমেয়ে ও তাদের মা বাবা উদ্বিগ্ন হয়ে উঠতে পারে। ছোটদের নিজের তালে অগ্রসর হওয়ায় সাহায্য দরকার। স্কুলের বিষয়ে গল্পের বই পড়লে বা গল্পের টেপ শুনলে, হয়ত আপনার শিশুটি আশ্বস্ত বোধ করবে বা নতুন পরিস্থিতি সামলাতে পারবে।
6. স্কুলে ছোট ছেলেমেয়েদের যে ব্যাপারে সবচেয়ে বেশী মানিয়ে নিতে হয় তা হল অনেকের মধ্যে একজন হওয়া, এবং ফলে হতাশা ও ব্যর্থতার অনুভূতি হতে পারে। বাড়িতে তাকে প্রচুর স্নেহভালবাসা দিন ও প্রশংসা করুন এবং যতটা সম্ভব, আপনার সন্তান যেমন তাকে সেভাবেই স্বীকার করে নেওয়ার চেষ্টা করুন।
7. বাড়িতে, ছোটরা যাদের কাছ থেকে সবচেয়ে বেশী ভালোবাসা পায় তাদের কাছ থেকে - স্নেহ ভালবাসা, সাহায্য, উৎসাহ ও সহানুভূতি পেতে চায়। একসঙ্গে বিশ্রাম করা, একসঙ্গে বসে বই পড়া বা অন্যান্য ধরণের শেখার মত সমান গুরুত্বপূর্ণ।
8. শিশুরা যখন নিজেদের বন্ধুত্ব পাতাবে এবং সামাজিক দলে নিজের স্থান তৈরী করে নেওয়ার চেষ্টা করবে তখন মা বাবাদেরও একটু পিছিয়ে গিয়ে সন্তানদের ব্যাপারে লক্ষ্য রাখতে হবে।
9. স্কুলে ও বাড়িতে, আপনার সন্তান যা যা করছে তাতে অকৃত্রিম আগ্রহ প্রকাশ করুন।
10. আপনার সন্তান কোনো কারণে চিন্তিত হলে অবশ্যই তার শিক্ষিকার সঙ্গে কথা বলবেন। সঙ্কটের পরিস্থিতি তৈরী হওয়ার আগে সরাসরি উদ্বেগের বিষয়ে আলোচনা করে নেওয়া শ্রেয়।